



[একই স্মারক ও তারিখের বিকল্প আদেশ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ওএম/১০৩-সম(অংশ-৭)/২০১৩-১১

তারিখ: ১০/০১/২০২১ খ্রি.

বিষয়: সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২১ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত **ডিজিটাল লটারির** মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ভাইরাস অতিমারীর কারণে শুধুমাত্র ২০২১ শিক্ষাবর্ষে সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য **ডিজিটাল লটারির** মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। উক্ত সিদ্ধান্তের আলোকে আগামী ১১/০১/২০২১ খ্রি. তারিখ সোমবার বিকাল ৩.৩০ মিনিটে আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট, সেগুনবাগিচা, ঢাকা এর অডিটরিয়ামে **ডিজিটাল লটারি** অনুষ্ঠিত হবে। **ডিজিটাল লটারি** প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর প্রতিষ্ঠান প্রধান/অভিভাবক/শিক্ষার্থী <https://gsa.teletalk.com.bd> লিংক থেকে তাঁদের নির্ধারিত আই.ডি ও পাসওয়ার্ড দিয়ে ফলাফল ডাউনলোড করতে পারবেন। ডাউনলোডকৃত ফলাফল প্রাপ্তির সাথে সাথে প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট জেলা ও উপজেলা ভর্তি কমিটির সভাপতি বরাবর ই-মেইলে প্রেরণ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে অবহিত করবেন। উল্লেখ্য, নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে ভর্তি কমিটির সভা আহ্বান করে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শিক্ষার্থীদের ভর্তির ব্যবস্থা গ্রহণ করবেন।

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক

মহাপরিচালক


ফোন: ৯৫৫৩৫৪২

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

সরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: দৃ: আ: অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক-১)]
- ২। জেলা প্রশাসক (সকল)
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা [পত্রের মর্মানুযায়ী বাস্তবায়নের অনুরোধসহ]
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১০। পরিচালক (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১১। সংরক্ষণ নথি


১০.০১.২০২১

(মোহাম্মদ আজিজ উদ্দিন)

উপপরিচালক (মাধ্যমিক)

০২-৪১০৫০২৮৩

dddshesecondary@gamil.com